



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১


স্মারক নং: ঢাবো/পনি/৩৩৫

তারিখ: ১৪/০৫/২০২৩খ্রি.

বিষয়: এসএসসি/সমমান পরীক্ষা ২০২৩-এর আগামী ১৫/০৫/২০২৩ তারিখ সোমবার অনুষ্ঠিতব্য পরীক্ষা স্থগিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বঙ্গোপসাগরে সৃষ্ট প্রবল ঘূর্ণিঝড় 'মোখা'-এর কারণে চলমান এসএসসি/সমমান পরীক্ষা ২০২৩-এর কুমিল্লা শিক্ষা বোর্ড, যশোর শিক্ষা বোর্ড, চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বরিশাল শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন আগামী ১৫/০৫/২০২৩ তারিখ সোমবার অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ স্থগিত করা হয়েছে। কিন্তু ১৫/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষার সকল বোর্ডের প্রশ্ন অভিন্ন হওয়ায় উক্ত তারিখের ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা স্থগিত করা হলো। স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। ১৬/০৫/২০২৩ তারিখ হতে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী পরীক্ষাসমূহ যথারীতি চলবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
১৪.০৫.২৩

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

কেন্দ্র সচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি/সমমান পরীক্ষা ২০২৩-এর কেন্দ্রসমূহ

  
১৪/০৫/২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪. অফিস কপি